দৈনিক ইত্তেফাক

তারিখ 10 NOV 1992
পৃষ্ঠা ৭ কলাম ৫

02

## ওসিসহ ৪ জন আহত ॥ গ্রেফতার ৪

# নিউ মডেল কলেজে ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে সংঘর্ষ

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (সোমবার) শুক্রাবাদে নিউ মডেল ডিগ্রী কলেজে ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া, ফাঁকা গুলীবর্ষণ, বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ লাঠিচার্জ ও কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। বোমার আঘাতে ধানমন্ডি থানার ওসিসহ ৪জন আহত হয়। পুলিশ ঘটনাস্থল হইতে ৪ জন ছাত্রকে গ্রেফতার করিয়াছে। প্রায় ১ ঘন্টা স্থায়ী এই সংঘর্ষে এলাকায় যানবাহন চলাচল ও দোকানপাট বন্ধ থাকে। কলেজের ছাত্র সংসদের কার্যালয় দখলকে কেন্দ্র করিয়া এই সংঘর্ষের সূত্রপাত হয় বলিয়া জানা যায়। গতকাল ছাত্রলীগ কর্মীরা ছাত্র সংসদ অফিস দখল করার জন্য কলেজ প্রাঙ্গণে প্রবেশ করিলে ছাত্রদলের কর্মীরা তাহাদের বাধা দেয় এবং সংঘর্ষ শুরু হয়। কলেজে প্রভাব বিস্তারের জন্য কয়েকদিন ধরিয়া ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে উত্তেজনা বিরাজ করিতেছিল। সংঘর্ষ চলাকালে উভয় দিক হইতে বোমার বিস্ফোরণ ঘটানো হয়। এক পর্যায়ে ফাঁকা গুলীর শব্দে এলাকার সাধারণ লোকজন ভীত-সন্ত্রস্ত হইয়া উঠে। পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হইয়া ছাত্রদের ছত্রভঙ্গ করার চেষ্টা ( শেষপৃঃ দ্রষ্ট)

### নিউ মডেল কলেজ

( ১ম পৃঃ পর )

চালায়। ছাত্রদের বোমায় ধানমণ্ডি থানার ওসি আবদুল আউয়াল আহত হন। ইহাছাড়া, বোমা বিস্ফোরণে ৩ জন ছাত্র আহতহয়। পুলিশ লাঠিচার্জ ও পরে কয়েক রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করিয়া পরিস্থিতি আয়ত্তে আনে। এই সময় পুলিশ ঘটনাস্থল হইতে ৪ জন ছাত্রকে গ্রেফতার করে।

নিউ মডেল ডিগ্রী কলেজ ছাত্র সংসদ গতকাল বিকালে প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে কলেজের সন্ত্রাসী ঘটনায় ছাত্রদলকে দায়ী করিয়াছে। সাংবাদিক সম্মেলনে বলা হয়, সম্প্রতি কলেজ ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রলীগ (ম-ই) জয়লাভ করার পর হইতে ছাত্রদলের সন্ত্রাসীরা ষড়যন্ত্রে লিপ্ত হইয়াছে। ৩রা নভেম্বর পুলিশের ছত্রছায়ায় তাহারা চর দখলের মত কলেজ দখল করে। গতকাল তাহারা পুনরায় ছাত্রলীগের কর্মীদের উপর চড়াও হয়। মাসুদ আদনান সিদ্দিকী সাংবাদিক সম্মেলনে বক্তৃতা করেন। আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক আবদুল জলীল গতকাল এক বিবৃতিতে নিউ মডেল ডিগ্রী কলেজের ঘটনায়উদ্বেগ প্রকাশ করিয়া এক বিবৃতিতে বলেন, ছাত্রদলের মাস্তান বাহিনী পুলিশের মদদে গতকাল নিউ মডেল ডিগ্রী কলেজে সন্ত্রাস সৃষ্টি করে এবং ছাত্র সংসদের কর্মকর্তা ও সাধারণ ছাত্র-ছাত্রীদের কলেজ হইতে বাহির করিয়া দেয়। তাহাদের হামলায় ছাত্রলীগের বাবুল ফিরোজসহ ১০ জন ছাত্র আহত হয়। একজন পুলিশ কর্মকর্তা আহত হওয়ার পরও সন্ত্রাসীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয় নাই। বিবৃতিতে নিউ মডেল ডিগ্রী কলেজের সন্ত্রাসী ঘটনায় দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করা হয়।

নিউ মডেল ডিগ্রী কলেজের সন্ত্রাসী ঘটনায় উদ্বেগ প্রকাশ করিয়া ছাত্রদল মহানগর শাখার সভাপতি আবুল খায়ের ভুঁইয়া ও সাধারণ সম্পাদক নাসির উদ্দিন আহমেদ পিন্টু গতকাল সোমবার এক বিবৃতি প্রদান করিয়াছেন। বিবৃতিতে বলা হয়, ছাত্রলীগের (ম-ই) সন্ত্রাসীরা ৪ঠা নভেম্বরের ন্যায় গতকাল পুনরায় কলেজে ছাত্রদলের কর্মীদের উপর সশস্ত্র হামলা চালায়। সন্ত্রাসীরা কলেজ ক্যাম্পাসে ৫০/৬০ রাউণ্ড গুলী ও ২০/৩০টি হাতবোমা নিক্ষেপ করে। হামলায় ছাত্রদলের ৩০/৪০ জন কর্মী আহত হয়।

বিবৃতিতে সন্ত্রাস সৃষ্টিকারীদের অবিলম্বে গ্রেফতার করিয়া শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য আইন প্রয়োগকারী সংস্থার প্রতি আহ্বান জানান হয়।